

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৫৯১

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য, “ঈদের দিন কোন সিয়াম নেই” এর দ্বারা উদ্দেশ্য হলো ঈদুল ফিতর ও ঈদুল আযহা

ذَكَرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا صَوْمَ فِي يَوْمِ عِيدٍ) أَرَادَ بِهِ الْفِطْرَ وَالْأَضْحَى

আরবী

3591 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي عُبَيْدٍ مَوْلَى ابْنِ أَزْهَرَ قَالَ: شَهِدْتُ الْعِيدَ مَعَ عُمَرَ بْنِ الْخَطَّابِ فَجَاءَ فَصَلَّى ثُمَّ انْصَرَفَ فَخَطَبَ النَّاسَ فَقَالَ: إِنَّ هَذَيْنِ يَوْمَانِ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ صِيَامِهِمَا يَوْمَ فِطْرِكُمْ مِنْ صِيَامِكُمْ وَالْآخِرُ يَوْمٌ تَأْكُلُونَ فِيهِ مِنْ نُسُكِكُمْ. قَالَ أَبُو عُبَيْدٍ: ثُمَّ شَهِدْتُ الْعِيدَ مَعَ عُثْمَانَ بْنِ عَفَّانَ فَجَاءَ فَصَلَّى ثُمَّ انْصَرَفَ فَخَطَبَ فَقَالَ: إِنَّهُ قَدْ اجْتَمَعَ لَكُمْ فِي يَوْمِكُمْ هَذَا عِيدَانِ فَمَنْ أَحَبَّ مِنْ أَهْلِ الْعَالِيَةِ أَنْ يَنْتَظِرَ الْجُمُعَةَ فَلْيَنْتَظِرْهَا وَمَنْ أَحَبَّ أَنْ يَرْجِعَ فَلْيَرْجِعْ فَقَدْ أَذِنْتُ لَهُ. قَالَ أَبُو عُبَيْدٍ: ثُمَّ شَهِدْتُ الْعِيدَ مَعَ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ وَعُثْمَانَ مَحْصُورًا فَجَاءَ فَصَلَّى ثُمَّ انْصَرَفَ فَخَطَبَ النَّاسَ.

الراوي : أَبُو عُبَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3591 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(2087) ، ((الإرواء)) (4 / 127 - 128): ق.

বাংলা

৩৫৯১. ইবনু আযহারের আজাদকৃত দাস আবু উবাইদ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি উমার রাযিয়াল্লাহু আনহুর সাথে ঈদে উপস্থিত হই। তিনি এসে সালাত আদায় করেন। তারপর সালাম ফিরিয়ে লোকদের উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি বলেন, “নিশ্চয়ই এই দুটি দিন, এমন দিন, যাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সিয়াম

রাখতে নিষেধ করেছেন। একটি হলো সিয়াম ছেড়ে দেওয়ার ঈদ। আরেকটি হলো তোমাদের কুরবানী গোসত ভক্ষন করার দিন।”

আবু উবাইদ বলেন, “তারপর আমি উসমান রাদিয়াল্লাহু আনহুর সাথে ঈদে উপস্থিত হই। তিনি এসে সালাত আদায় করেন। তারপর সালাম ফিরিয়ে লোকদের উদ্দেশ্যে ভাষন দেন। তিনি বলেন, “নিশ্চয়ই তোমাদের আজকের এই দিনে দুটি ঈদ একত্রিত হয়েছে। কাজেই মদীনার আশেপাশে বসবাসকারী যে ব্যক্তি জুমুআর জন্য অপেক্ষা করতে চায়, সে যেন জুমুআর জন্য অপেক্ষা করে। আর যে ব্যক্তি বাসায় ফিরে যেতে চায়, সে ফিরে যেতে পারে। আমি তাকে অনুমতি প্রদান করলাম। তারপর আমি আলী রাদিয়াল্লাহু আনহুর সাথে ঈদে উপস্থিত হই। তিনি এসে সালাত আদায় করেন। তারপর সালাম ফিরিয়ে লোকদের উদ্দেশ্যে ভাষন দেন।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৭৮-১৭৯; সহীহুল বুখারী: ১৯৯০; বাগাবী: ১৭৯৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১০৩-১০৪; আবু দাউদ: ২৪১৬; তিরমিযী: ৭৭১; ইবনু মাজাহ: ১৭২২; ইবনুল জারুদ: ৪০২; সুনান বাইহাকী: ৪/২৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/১২৭-১২৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92927>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন